

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩ অধিশাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১৪.২১. ৫২৫

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৮  
০৬ সেপ্টেম্বর ২০২১

**অভিযোগনামা**


আপনি জনাব এস এম আকরামুল কবির (০১৫৯৩২), সহকারি অধ্যাপক (ইংরেজি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

যেহেতু, আপনি এ বিভাগের ২৭/০৩/২০১২ তারিখের শিম/শাঃ৮/৭ (বিদেশ)-১৮/২০১১-৫৫৩ নং স্মারক অনুযায়ী ১ম পর্যায়ে অস্ট্রেলিয়ার মেলবোর্ন বিশ্ববিদ্যালয়ে বৈদেশিক মাস্টার্স কোর্সে অধ্যয়নের জন্য ০১ বছরের শিক্ষাছুটি নিয়ে অস্ট্রেলিয়া গমন করেন। আপনার ছুটির মেয়াদ শেষ হয়েছে গত ০৮/০৭/২০১৩ খ্রি। আপনি গত ০৯/০৭/২০১৩ খ্রি. হতে ১৮/০৮/২০১৩ খ্রি. পর্যন্ত ০১ মাস ১০ দিন অতিরিক্ত ছুটি ভোগ করেছেন। পরবর্তীতে ২য় পর্যায়ে মা.উ.শি. অধিদপ্তরের সুপারিশের পরিপ্রেক্ষিতে আপনার অনুকূলে এ বিভাগ হতে University of Canterbury, New Zealand-এ পিএইচ.ডি. কোর্সে অধ্যয়নের জন্য আবারও ১১ মাস ২৫ দিনের শিক্ষাছুটি মঞ্জুর করা হয়। উক্ত ছুটির মেয়াদ ২২/১০/২০১৬ খ্রিষ্টাব্দে শেষ হওয়া সত্ত্বেও ২৩/১০/২০১৬ তারিখ হতে ৩১/০১/২০২০ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছর ০৩ (তিন) মাস ০৮ (আট) দিন + অতিরিক্ত ০১ (এক) মাস ১০ (দশ) দিন ছুটিসহ সর্বমোট ০৩ (তিন) বছর ০৪ (চার) মাস ১৮ (আঠারো) দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন।

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

সেহেতু, আপনাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। আপনার বিরুদ্ধে বর্ণিত বিধি ৪(১) এর আওতায় কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার কারণ এ বিধির ৭(১)(খ) ধারা অনুযায়ী অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি আত্মপক্ষ সমর্থনে কোন ব্যক্তিগত শুনানি চান কি-না তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।

যে অভিযোগবিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তার অনুলিপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

  
(মোঃ মাহবুব হোসেন)  
সচিব

**স্বামী ঠিকানা:**

জনাব এস এম আকরামুল কবির  
পিতা- এস এম ফয়েজুল কবির, মাতা-সুলতানা বেগম  
গ্রাম-অষ্টগ্রাম, মরিয়ম ভিলা, ডাকঘর-মিয়ারবাজার  
থানা-লাঙ্গলকোর্ট, জেলা-কুমিল্লা।

**বর্তমান ঠিকানা:**

জনাব এস এম আকরামুল কবির  
বাড়ী নম্বর: ৮২৩/৮৯২, মেহেদীবাগ  
ডাকঘর: দামপাড়া, থানা: কতোয়ালী  
জেলা: চট্টগ্রাম।

**অনুলিপি:**

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।  
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

## অভিযোগবিবরণী

জনাব এস এম আকরামুল কবির (০১৫৯৩২), সহকারি অধ্যাপক (ইংরেজি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

যেহেতু, এ বিভাগের ২৭/০৩/২০১২ তারিখের শিম/শাঃ৮/৭ (বিদেশ)-১৮/২০১১-৫৫৩ নং স্মারক অনুযায়ী ১ম পর্যায়ে অস্ট্রেলিয়ার মেলবোর্ন বিশ্ববিদ্যালয়ে বৈদেশিক মাস্টার্স কোর্সে অধ্যয়নের জন্য ০১ বছরের শিক্ষাছুটি নিয়ে অস্ট্রেলিয়া গমন করেন। তাঁর ছুটির মেয়াদ শেষ হয়েছে গত ০৮/০৭/২০১৩ খ্রি। তিনি গত ০৯/০৭/২০১৩ খ্রি. হতে ১৮/০৮/২০১৩ খ্রি. পর্যন্ত ০১ মাস ১০ দিন অতিরিক্ত ছুটি ভোগ করেছেন। পরবর্তীতে ২য় পর্যায়ে মা.উ.শি. অধিদপ্তরের সুপারিশের পরিপ্রেক্ষিতে তাঁর অনুকূলে এ বিভাগ হতে University of Canterbury, New Zealand-এ পিএইচ.ডি. কোর্সে অধ্যয়নের জন্য আবারও ১১ মাস ২৫ দিনের শিক্ষাছুটি মঞ্জুর করা হয়। উক্ত ছুটির মেয়াদ ২২/১০/২০১৬ খ্রিস্টাব্দে শেষ হওয়া সত্ত্বেও ২৩/১০/২০১৬ তারিখ হতে ৩১/০১/২০২০ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছর ০৩ (তিন) মাস ০৮ (আট) দিন + অতিরিক্ত ০১ (এক) মাস ১০ (দশ) দিন ছুটিসহ সর্বমোট ০৩ (তিন) বছর ০৪ (চার) মাস ১৮ (আঠারো) দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন।

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে তাঁর উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

  
(মোঃ মাহবুব হোসেন)  
সচিব